

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৮১১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২১১]

১৬। হজ (حاب الحج)

পরিচ্ছেদঃ ১৭. ইহরামের প্রকারভেদ, ইফরাদ, কিরান ও তামাতু হাজের জন্য ইহরাম বাধা জায়িয, একত্রে উমরাহ ও হাজের ইহরাম বাধাও জায়িয এবং কিরান হাজ পালনকারী কখন ইহরামমুক্ত হবে

باب بَيَانِ وُجُوهِ الإِحْرَامِ وَأَنَّهُ يَجُونُ إِفْرَادُ الْحَجِّ وَالتَّمَتُّعِ وَالْقِرَانِ وَجَوَازِ إِدْخَالِ الْحَجِّ عَلَى الْعُمْرَةِ وَمَتَى يَحِلُّ الْقَارِنُ مِنْ نُسُكِهِ

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ أَبِي أُويْسٍ، حَدَّثَنِي خَالِي، مَالِكُ بْنُ أَنسٍ ح وَحَدَّثَنَا يَحْيَى، بْنُ يَحْيَى قَالَ قَرَأْتُ عَلَى مَالِكٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، رضى الله عنها أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم أَفْرَدَ الْحَجَّ .

বাংলা

২৮১১-(১২২/...) ইসমাঈল ইবনু আবূ উওয়াইস ও ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) আয়িশাহ (রাযিঃ) থেকে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ইফরাদ হাজ্জ (হজ্জ/হজ) করেছিলেন।* (ইসলামিক ফাউন্ডেশন ২৭৮৮, ইসলামীক সেন্টার ২৭৮৬)

English

'A'Isha reported that the Messenger of Allah (ﷺ) entered into the state of Ihram for Hajj Afrad.

ফুটনোট

- * আয়িশাহ্ এবং ইবনু উমার এর বর্ণনায় রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাজে ইফরাদ করেছেন, এর তিনটি অর্থ হতে পারে-
- (ক) রসূল সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম কেবল হাজ্জের তালবিয়াহ্ পাঠ করেছিলেন
- (খ) দ্বিতীয় অর্থ এই যে, হাজের কার্যে ইফরাদ করেছেন অর্থাৎ হাজ্ঞ (হজ্ঞ/হজ) ও উমরার জন্য ত্বওয়াফ



(তাওয়াফ/তওয়াফ) ও সাঈ একটি করেই করেছেন,

(গ) হিজরতের পর একবারই হাজ্জ করেছেন, কিন্তু উমরার বিপরীত, কেননা তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) জীবনে চারবার উমরাহ করেছেন, তিনটির মধ্যে ইফরাদের দ্বিতীয় অর্থই সঠিক এবং ইবনু উমর (রাযিঃ) এ অর্থই উদ্দেশ্য যে, দুটি কাজ একবার করেই আদায় করেছেন। আর এ অর্থ গ্রহণের মাধ্যমে সব বর্ণনার মধ্যে সামঞ্জস্যও হয়ে যায় এবং রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্যও এটা উপযুক্ত যে, তিনি উম্মাতের জন্য সহজ বিধান চান। এজন্যই রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আয়িশাহ (রাযিঃ) কে ইরশাদ করেন, তোমাদের এ ত্বওয়াফ (তাওয়াফ/তওয়াফ) (অর্থাৎ ত্বওয়াফে ইফাযাহ) হাজ্জ (হজ্জ/হজ) ও উমরাহ উভয়ের জন্য যথেষ্ট। (যাদুল মাআদ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন